

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.০৯৫.২৭.০৩৪.২০২১. ১৩

তারিখ:

১৭ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
০২ নভেম্বর ২০২২ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব এ.এইচ.এম ইউসুফ (১৭১৫৭), সহকারি অধ্যাপক (হিসাববিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা গত ০১/১০/২০১৯ খ্রিস্টাব্দ হতে ১৭/০৭/২০২১ খ্রিস্টাব্দ পর্যন্ত ০১ (এক) বছর ০৯ (নয়) মাস ২০ (বিশ) দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি কারণ দর্শানোর জবাব প্রদান না করায় তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদন মোতাবেক অভিযুক্ত কর্মকর্তার শারিরিক অসুস্থ্যতা ও কোভিড পরিস্থিতির কারণে সঠিক সময়ে দেশে আসতে পারেননি মর্মে প্রতীয়মান হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তার প্রতিবেদন পর্যালোচনা করে তাকে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব এ.এইচ.এম ইউসুফ (১৭১৫৭), সহকারি অধ্যাপক (হিসাববিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-এর অননুমোদিত অনুপস্থিতিকাল ০১/১০/২০১৯ খ্রিস্টাব্দ হতে ১৭/০৭/২০২১ খ্রিস্টাব্দ পর্যন্ত ০১ (এক) বছর ০৯ (নয়) মাস ২০ (বিশ) দিন বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করে তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
তারিখ: ৩১/১০/২০২২
(মোঃ আবু বকর ছিদ্দীক)
সচিব

নম্বর- ৩৭.০০.০০০০.০৯৫.২৭.০৩৪.২০২১. ১৩/১৩

তারিখ:

১৭ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
০২ নভেম্বর ২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব এ.এইচ.এম ইউসুফ এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
২. মাননীয় শিক্ষামন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. মাননীয় শিক্ষা উপমন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৬. অধ্যক্ষ,.....।
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
৯. জনাব এ.এইচ.এম ইউসুফ (১৭১৫৭), সহকারি অধ্যাপক (হিসাববিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

(মোহাম্মদ আবু নাসের বেগ)
উপসচিব

ফোন: ২২২৩৩৫৪২৬৫